# ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের কর্মপরিকল্পনা

## পটভূমি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ দেশের সকল বয়সী সকল মানুষের জন্য ২০৩০ সালের মধ্যে সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিত করার মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্টে পৌ ছাতে স্বাস্থ্য সেবা বিভাগ অগ্রণী ভূমিকা পালন করছে। দেশে ব্যয়সাশ্রয়ী, আধুনিক, কার্যকর এবং টেকসই মানসম্পন্ন স্বাস্থ্য সেবা প্রদানের জন্য এ বিভাগ থেকে চিকিৎসক ও চিকিৎসা অবকাঠামোর পাশাপাশি যুগপৎ নিরাপদ ঔষধ ব্যবস্থাপনা প্রতিষ্ঠার কর্মযজ্ঞ পরিচালিত হচ্ছে। বরাবরই স্বাস্থ্য সেবা বিভাগ আধুনিক প্রযুক্তির সাথে তাল মিলিয়ে দেশের স্বাস্থ্য সেবাকে সহজলভ্য করতে সচেষ্ট। চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিগত চ্যালেঞ্জ মোকাবেলায় দেশের স্বাস্থ্য ব্যবস্থাপনাকে আধুনিকভাবে গড়ে তুলতে আন্তরিক। এজন্য স্বাস্থ্যসেবা বিভাগ তার মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নে কাজ করে যাচ্ছে। স্বাস্থ্য সেবা বিভাগ ইতোমধ্যে আওতাধীন সকল দপ্তর/অধিপ্তরের কর্মকর্তার-কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লবের উপর কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করেছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২০২৩ বার্ষিক ই-গভর্নেন্স ও উদ্ভাবনী পরিকল্পনায় চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে আইন/নীতিমালা/কর্মপরিকল্পা প্রণয়ন কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ পরিকল্পনাটি প্রণয়ন করেছে।

## কর্মপরিকল্পনার রুপকল্প

চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে দেশের সকল নাগরিকের জন্য স্বাস্থ্যসেবাকে সহজলভ্য করা/মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়া।

## কর্মপরিকল্পনা অভিলক্ষ্য

স্বাস্থ্য ও পুষ্টি খাতে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্যসেবার উন্নয়ন এবং সবার জন্য সুলভে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করে একটি সুস্থ সবল জনগোষ্ঠী গড়ে তোলা।

## কর্মপরিকল্পনার লক্ষ্য

স্বাস্থ্যসেবা প্রশাসনে কর্মরত ও কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লব প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারের কর্মরত ও কর্মচারীদের মানিয়ে নেওয়ার জন্য দক্ষতা বৃদ্ধি ও উন্নয়ন করা।

## কর্মপরিকল্পনার উদ্দেশ্য

- চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের প্রস্তুতি
- চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় স্বাস্থ্যসেবার মানবসম্পদের সক্ষমতা বৃদ্ধি করা
- চতুর্থ শিল্পবিপ্লব সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতার উন্নয়ন
- স্বাস্থ্যসেবায় চতুর্থ শিল্পবিপ্লবের প্রযুত্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা

## মেয়াদ

স্বাস্থ্য সেবা বিভাগের কর্মপরিকল্পনার সূচকগুলোকে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি এই তিন সময়সীমার মধ্যে বাস্তবায়ন করা হবে। স্বল্পমেয়াদি-১ বছর, মধ্যমেয়াদি-২ বছর দীর্ঘমেয়াদি-৩-৪ বছর।

## স্বল্পমেয়াদি কর্মপরিকল্পনা

| ক্রমিক নং | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/টিম | বাস্তবায়ন সময়কাল-২০২২-২০২৩ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | |
| ১. | অধিদপ্তর/দপ্তর/সংস্থা/বিভাগ ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনা বৃদ্ধি নিমিত্ত প্রশিক্ষণ আয়োজন। (অনলাইনে) | ২টি | প্রশাসন-৪ | | ১টি | | ১টি | |
| ২. | নিজ অধিক্ষেত্রে ৪র্থ শিল্প বিপ্লবের ব্যবহার চিহ্নিত করতে সক্ষম হয়েছেন, এমন কর্মকর্তা-কর্মচারীদের আইডিয়া ক্যাম্প আয়োজন | ১টি | প্রশাসন-৪ | | | ১টি | | |
| ৩. | আইডিয়া চূড়ান্তকরণের জন্য ১টি কর্মশালা আয়োজন | ১টি | প্রশাসন-৪ | | | ১টি | | |
| ৪. | মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক প্রদত্ত আইডিয়া পর্যালোচনার পর ১টি আইডিয়া বাস্তবায়ন করা | ০৪.০৫.২৩ | প্রশাসন-৪ | | | | ০৪/০৫/২৩ | |
| ৫. | অধঃস্তন অফিসের কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করার লক্ষ্যে ২টি সভা আহবান ও পর্যালোচনা করা | ২টি | প্রশাসন-৪ | | ১টি | ১টি | | |
| ৬. | মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তরসমূহে কর্মরত আইডিয়া প্রদানকারী ৫ জন সেরা কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদান | ৩০/০৬/২০২৩ | প্রশাসন-৪ | | | | ৩০/০৬/২৩ | |
| ৭. | গৃহিত কার্যক্রমসমূহের ডকুমেন্টেশন এবং বছরের শেষে একটি ই-প্রকাশনা নিশ্চিত করা | ৩০/০৬/২০২৩ | প্রশাসন-৪ | | | | ৩০/০৬/২৩ | |
| ৮. | ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় দেশের অভ্যন্তরস্থ অন্য প্রতিষ্ঠান এর ১টি কার্যক্রম পরিদর্শন করা | ৩১/০৩/২০২৩ | প্রশাসন-৪ | | | ৩১/০৩/২৩ | | |
| ৯. | চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগে নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন | ৩০/০৬/২৩ | | | | | ৩০/০৬/২৩ | |
| ১০. | ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনা সচিব মহোদয় কর্তৃক অনুমোদন | ৩১/১০/২২ | প্রশাসন-৪ | | ৩১/১০/২২ | | | |
| ১১. | ৪র্থ শিল্প বিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনা সংক্রান্ত আদেশ জারি | ৩১/১০/২২ | প্রশাসন-৪ | | ৩১/১০/২২ | | | |
| ১২. | কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ সভা আয়োজন | ২টি | প্রশাসন-৪ | | ১টি | | ১টি | |

## মধ্যমেয়াদি কর্মপরিকল্পনা

| ক্রমিক নং | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/টিম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৩. | স্বাস্থ্য সেবা বিভাগের আইসিটি কর্মকর্তাদের জন্য উচ্চতর প্রশিক্ষণের আয়োজন | ২টি | প্রশাসন-৪ | |
| ১৪. | অধিদপ্তর/দপ্তরের সাথে ৪র্থ শিল্পবিপ্লব সম্পর্কিত কর্মশালা আয়োজন | ১টি | প্রশাসন-৪ | |
| ১৫. | বিভাগ ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধির নিমিত্ত জুম সভা আয়োজন | ২টি | প্রশাসন-৪ | |
| ১৬. | অধঃস্তন অফিসের কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করার লক্ষ্যে ২টি সভা আহবান ও পর্যালোচনা করা | ২টি | প্রশাসন-৪ | |
| ১৭. | চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের নীতি প্রণয়ন | ১টি | প্রশাসন-৪ | |
| ১৮. | কর্মপরিকল্পনা বাস্তবায়ন | প্রয়োজন মতো | প্রশাসন-৪ | |
| ১৯. | কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ সভা আয়োজন | প্রয়োজন মতো | প্রশাসন-৪ | |

## দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা

| ক্রমিক নং | গৃহীতব্য কাজের নাম | কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা সংখ্যা/তারিখ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/টিম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২০. | স্বাস্থ্য সেবা বিভাগের আইসিটি কর্মকর্তাদের জন্য উচ্চতর প্রশিক্ষণের আয়োজন | ২টি | প্রশাসন-৪ | |
| ২১. | অধিদপ্তর/দপ্তরের সাথে ৪র্থ শিল্পবিপ্লব সম্পর্কিত কর্মশালা আয়োজন | ১টি | প্রশাসন-৪ | |
| ২২. | বিভাগ ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধির নিমিত্ত জুম সভা আয়োজন | ২টি | প্রশাসন-৪ | |
| ২৩. | অধঃস্তন অফিসের কর্মপরিকল্পনা প্রণয়ন নিশ্চিত করার লক্ষ্যে ২টি সভা আহবান ও পর্যালোচনা করা | ২টি | প্রশাসন-৪ | |
| ২৪. | চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের নীতি প্রণয়ন | ১টি | প্রশাসন-৪ | |
| ২৫. | কৃত্রিম বৃদ্ধিমত্তাসম্বলিত সফটওয়্যার প্রস্তুত | ১টি | প্রশাসন-৪ | |
| ২৬. | অফিস ব্যবস্থাপনা ডিজিটাইজেশন | ১টি | প্রশাসন-৪ | |

### বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ

প্রযুক্তি সবসময় পরিবর্তনশীল কর্মকর্তা-কর্মচারীদের মানিয়ে চলা বা সক্ষমতা অর্জন একটি বড় চ্যালেঞ্জ হতে পারে। নতুন নতুন প্রযুক্তি অনেকে গ্রহণ করতে চাইনা। স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে প্রযুক্তিগত দিক দিয়ে দক্ষ জনবলের অভাব রয়েছে। দেশের মানব সম্পদ সংক্রান্ত পুরাতন আইন বিধি-বিধান এবং ব্যবস্থপনা কাঠামো অনেক সময় প্রযুক্তি ব্যবহারে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে। স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে ধীরগতির ইন্টারনেট কৃত্রিমবুদ্ধিমত্তা বা ব্লক চেইন প্রযুক্তি ব্যবহারে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে।

### কর্মকৌশল

প্রণীত কর্মপরিকল্পনায় স্বাস্থ্য সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা-কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে সম্যক জ্ঞান দান এবং দক্ষতা উন্নয়নের বিষয়গুলোর উপর জোর দেওয়া হয়েছে। দক্ষ কর্মকর্তাগণ যেকোন পরিস্থিতি নিজেদের মানিয়ে নিতে পারে। সেই সাথে পরিবর্তনশীল প্রযুক্তি রপ্ত করতে পারে।